

## 22927 - রমযানের দিনের বেলায় সাপোজিটরী ব্যবহার করা

---

### প্রশ্ন

রোযাদার ব্যক্তি অসুস্থ হলে রমযানের দিনের বেলায় সাপোজিটরী ব্যবহার করার হুকুম কী?

### প্রিয় উত্তর

যদি কেউ অসুস্থ হয় তাহলে গুহাধার দিয়ে সাপোজিটরী ব্যবহার করতে কোন আপত্তি নেই। কেননা এটি পানাহার নয় এবং পানাহারের স্থলাভিষিক্তও নয়।

শরিয়তপ্রণেতা আমাদের ওপর হারাম করেছেন পানাহার। আর যা কিছু পানাহারের স্থলাভিষিক্ত হবে সেটাকেও পানাহারের হুকুম দেওয়া হবে। আর যা কিছু শব্দগত ও ভাবগত দিক থেকে এর মধ্যে পড়বে না সেটার ক্ষেত্রে পানাহারের হুকুম সাব্যস্ত হবে না।